থেসালোনিকীয়দের কাছে দ্বিতীয় পত্র

১ আমরা, পল, সিল্ভানুস ও তিমথি, আমাদের পিতা ঈশ্বর ও প্রভু যীশুখ্রীষ্টে আশ্রিত
থেসালোনিকীয় মণ্ডলীর সমীপে: ২ পিতা ঈশ্বর ও প্রভু যীশুখ্রীষ্ট থেকে অনুগ্রহ ও শান্তি তোমাদের
উপর বর্ষিত হোক।

ধন্যবাদ-স্তুতি ও আশ্বাসজনক বাণী

শেষ বিচারের কথা

৩ ভাই, আমরা তোমাদের জন্য সবসময় ঈশ্বরকে ধন্যবাদ জানাতে বাধ্য; আর তেমনটি করা
সমীচীন বটে, কেননা তোমাদের বিশ্বাস খুবই বৃদ্ধিশীল, এবং পরস্পরের প্রতি তোমাদের প্রত্যেকের
ভালবাসা উপচে পড়ছে। ৪ তাই, তোমরা যে সমস্ত নির্যাতন ও ক্লেশ সহ্য করছ, তার মধ্যে এমন
নিষ্ঠা ও বিশ্বাস দেখাচ্ছ যে, আমরা ঈশ্বরের মণ্ডলীগুলোর মধ্যে তোমাদের নিয়ে গর্ববোধ করছি। ৫
তেমন কিছু ঈশ্বরের ন্যায়বিচারের স্পষ্ট একটা লক্ষণ; হ্যাঁ, তোমরা যে রাজ্যের খাতিরে দুঃখকষ্ট
ভোগ করছ, ঈশ্বরের সেই রাজ্যের যোগ্য বলে গণ্য হবেই। ৬ কেননা এতে ঈশ্বরের ন্যায্যতাই
প্রকাশ পাচ্ছে: যারা তোমাদের ক্লেশ দিচ্ছে, প্রতিফলে তিনি তাদের ক্লেশ দেবেন, ৭ এবং তোমরা
যারা এখন এত ক্লেশ ভোগ করছ, তিনি আমাদের সঙ্গে তোমাদেরও আরাম দেবেন সেইদিনে,
যেদিন প্রভু যীশু তাঁর পরাক্রান্ত দূতবাহিনীর সঙ্গে স্বর্গ থেকে *জ্বলন্ত অগ্নিশিখায়* আবির্ভূত হবেন, ৮
এবং *যারা ঈশ্বরকে মানে না* ও আমাদের প্রভু যীশুর সুসমাচারের প্রতি বাধ্য হয় না, *তাদের যোগ্য
দণ্ড দেবেন।* ৯ *তারা প্রভুর শ্রীমুখ থেকে ও তাঁর শক্তির গৌরব থেকে দূরে বঞ্চিত হয়ে* চিরন্তন
বিনাশে দণ্ডিত হবে; ১০ তেমনটি সেইদিনে ঘটবে, যেদিন তাঁর পবিত্রজনদের মধ্যে গৌরবান্বিত
হবার জন্য ও তাঁর সকল বিশ্বাসীর মধ্যে বিস্ময়ের পাত্র হবার জন্য তিনি আসবেন, যেহেতু
আমাদের সাক্ষ্যদান তোমাদের মধ্যে বিশ্বাসের সঙ্গে গ্রহণ করা হয়েছে। ১১ এই কারণেও আমরা
তোমাদের জন্য সবসময় প্রার্থনা করে থাকি, যেন আমাদের ঈশ্বর তোমাদের তাঁর আহ্বানের যোগ্য
করে তোলেন ও তাঁর পরাক্রম গুণে তোমাদের মঙ্গলকর যত সদিচ্ছা ও বিশ্বাসের যত কর্মপ্রচেষ্টা
সুসম্পন্ন করে তোলেন; ১২ যেন আমাদের ঈশ্বরের ও প্রভু যীশুখ্রীষ্টের অনুগ্রহ অনুসারে আমাদের
প্রভু যীশুর নাম তোমাদের মধ্যে গৌরবান্বিত হয়—তোমরাও তাঁর মধ্যে।

প্রভুর আগমনের আগে যা যা ঘটবে, তার কথা

২ ভাই, আমাদের প্রভু যীশুখ্রীষ্টের আগমন সম্বন্ধে ও তাঁর কাছে আমাদের সম্মিলিত হওয়া সম্বন্ধে
আমরা তোমাদের অনুরোধ করছি, ২ তোমরা কোন আত্মিক প্রেরণা দ্বারা বা কোন বিশেষ বাণী দ্বারা
বা আমাদেরই বলে ধরে নেওয়া এমন কোন পত্রও দ্বারা তত সহজে নিজেদের প্রবঞ্চিত হতে দিয়ো
না, অস্থিরও হয়ে উঠো না, কেমন যেন প্রভুর দিন এসেই গেছে; ৩ কেউ আদৌ যেন তোমাদের না
ভোলায়, কেননা প্রথমে সেই মহাবিদ্রোহ দেখা দেবে, এবং জঘন্য কর্মের সেই পুরুষ, সেই
বিনাশ-সন্তানও আবির্ভূত হবে, ৪ সেই যে পুরুষ প্রতিদ্বন্দ্বিতা করবে, এবং যা কিছু ঈশ্বর ব'লে
অভিহিত বা যা কিছু আরাধনার পাত্র, *সেইসব কিছুর উপরে নিজেকে উন্নীত করবে,* এমনকি

ঈশ্বরের পবিত্রধামে *আসন নিয়ে নিজেকেই ঈশ্বর বলে* দাবি করবে।
৫ তোমাদের কি মনে পড়ে না, আমি আগে যখন তোমাদের কাছে ছিলাম, তখনও এই সমস্ত কথা
তোমাদের বলছিলাম? ৬ আর সে যেন নির্ধারিত লগ্নের আগে আবির্ভূত না হয়, এর জন্য যে কী
তাকে বাধা দিয়ে রাখছে, তাও তোমরা জান। ৭ এর মধ্যে অধর্মের রহস্য বাস্তব রূপ পাচ্ছে বটে,
কিন্তু এ আবশ্যক যে, তাকে যে বাধা দিয়ে রাখছে, তাকেই আগে দূর করে দেওয়া হবে; ৮ তখনই
সেই জঘন্য কর্মের সাধক আবির্ভূত হবে, এবং প্রভু যীশু *নিজের মুখের এক ফুঁ দিয়ে* তাকে ধ্বংস
করবেন ও নিজের আগমনের গৌরবময় আবির্ভাবে তাকে নস্যাৎ করে দেবেন। ৯ সেই জঘন্য কর্মের
সাধকের আগমন শয়তানের কর্মশক্তি অনুসারে সাধিত সব ধরনের মিথ্যা পরাক্রম-কর্ম, চিহ্ন ও
অলৌকিক লক্ষণ দ্বারা চিহ্নিত হবে; ১০ আবার চিহ্নিত হবে অধর্মশক্তির যত ধরনের প্রতারণা দ্বারা,
যা তাদেরই লক্ষ করবে যারা বিনাশের দিকে চলছে; কারণ তারা পরিত্রাণ পাবার জন্য সত্যের
ভালবাসা গ্রহণ করেনি। ১১ এজন্য ঈশ্বর তাদের উপর ভ্রান্তিময় কর্মশক্তি পাঠান, যেন তারা মিথ্যায়
বিশ্বাস করে, ১২ এর ফলে যেন সেই সকলেই বিচারিত হয়, যারা সত্যে বিশ্বাস না রেখে শঠতায়
প্রসন্ন ছিল।

বিশ্বাসে নিষ্ঠাবান থাকা

১৩ কিন্তু, হে ভাই, হে প্রভুর ভালবাসার পাত্র, আমরা তোমাদের জন্য ঈশ্বরকে সবসময় ধন্যবাদ
জানাতে বাধ্য, কারণ ঈশ্বর আত্মার পবিত্রীকরণের মাধ্যমে ও সত্যের প্রতি বিশ্বাসের মাধ্যমে
পরিত্রাণের উদ্দেশ্যে প্রথমফসলস্বরূপ তোমাদেরই বেছে নিয়েছেন; ১৪ এবং সেইজন্য আমাদের প্রভু
যীশুখ্রীষ্টের গৌরবলাভের উদ্দেশ্যে আমাদের সুসমাচারের মাধ্যমে তোমাদের আহ্বানও করেছেন।
১৫ সুতরাং, ভাই, স্থিতমূল থাক, এবং সেই পরম্পরাগত শিক্ষা আঁকড়ে ধরে থাক, যা আমাদের মুখ
বা পত্র থেকে পেয়েছ। ১৬ আর আমাদের প্রভু যীশুখ্রীষ্ট নিজে, এবং যিনি আমাদের ভালবেসেছেন,
এবং অনুগ্রহ ক'রে আমাদের চিরন্তন আশ্বাস ও শুভ প্রত্যাশা দিয়েছেন, আমাদের সেই পিতা ঈশ্বর
১৭ তোমাদের হৃদয়ে আশ্বাস সঞ্চার করুন, এবং শুভ যত কর্মে ও কথায় সুস্থির করুন।
৩ শেষ কথা: ভাই, আমাদের জন্য প্রার্থনা কর, যেন প্রভুর বাণী দ্রুতই ছড়িয়ে পড়ে ও মানুষের
কাছে গৌরবের পাত্র হয়ে ওঠে, ঠিক যেমনটি তোমাদের মধ্যে ঘটেছিল; ২ আরও, প্রার্থনা কর, যেন
আমরা দুর্জন ও মন্দ লোকদের হাত থেকে নিস্তার পাই; আসলে বিশ্বাস যে সকলের, তা নয়। ৩
কিন্তু প্রভু বিশ্বস্ত: তিনিই তোমাদের সুস্থির করবেন ও সেই ধূর্তজনের হাত থেকে রক্ষা করবেন। ৪
আর তোমাদের সম্বন্ধে প্রভুতে আমাদের এই দৃঢ় ভরসা আছে যে, আমরা যা কিছু আদেশ করি, তা
তোমরা পালন করে আসছ, ও তা করতে থাকবে। ৫ প্রভু তোমাদের হৃদয় ঈশ্বরের ভালবাসার দিকে
ও খ্রীষ্টের সহিষ্ণুতার দিকে চালিত করুন।

অলসতা ও অমিল

৬ অতএব, ভাই, আমাদের প্রভু যীশুখ্রীষ্টের নামে আমরা তোমাদের আদেশ দিচ্ছি: যে কোন ভাই
কোন শৃঙ্খলা না মেনে জীবন কাটায়, এবং তোমরা আমাদের কাছ থেকে যে পরম্পরাগত শিক্ষা
পেয়েছ, সেই অনুসারে চলে না, তেমন ভাইয়ের সাহচর্য এড়িয়ে চল; ৭ কারণ তোমরা নিজেরাই
জান, কেমন ভাবে আমাদের অনুকরণ করতে হবে: আসলে আমরা তোমাদের মধ্যে বিশৃঙ্খল

জীবনধারণ আদৌ দেখাইনি; ৮ কারও অন্নও বিনামূল্যে খাইনি, বরং পরিশ্রম ও বহু কষ্ট স্বীকার
করে দিনরাত কাজ করতাম যেন তোমাদের কারও বোঝা না হই। ৯ আমাদের যে তেমন অধিকার
ছিল না, তা নয়; কিন্তু আমরা নিজেরাই তোমাদের সামনে একটা দৃষ্টান্ত হতে চাচ্ছিলাম, যা
তোমরা অনুকরণ করতে পারবে। ১০ আর আসলে তোমাদের মধ্যে থাকাকালে আমরা তোমাদের
এই আদেশ দিয়েছিলাম: যে কাজ করতে চাইবে না, সে খেতেও পাবে না! ১১ আমরা আসলে
শুনতে পেলাম, তোমাদের মধ্যে নাকি কেউ কেউ কোন শৃঙ্খলা না মেনে জীবন কাটাচ্ছে; কিছুতেই
ব্যাপৃত না হয়ে এমনি অতিব্যস্ত দেখাচ্ছে। ১২ তেমন লোকদের আমরা প্রভু যীশুখ্রীষ্টের নামে
অনুরোধ করে আদেশ দিচ্ছি, তারা যেন শান্ত স্থির হয়ে নিজেদের কাজকর্ম ক'রে নিজেদের
অন্নসংস্থান নিজেরাই করে। ১৩ আর ভাই, শুভকর্ম সাধনে কখনও নিরুৎসাহ হয়ো না। ১৪ আর
আমরা এই পত্র দ্বারা যা বলি, কেউ যদি তা না মানে, তবে তাকে চিহ্নিত করে রাখ, তার সঙ্গে
সম্পর্ক ছিন্ন কর, সে যেন লজ্জা পেতে পারে; ১৫ তবু তাকে শত্রু বলে জ্ঞান করো না, কিন্তু ভাই
বলে তাকে সাবধান বাণী শোনাও।

প্রার্থনা, প্রীতি-শুভেচ্ছা ও আশীর্বাদ

১৬ শান্তিবিধাতা প্রভু নিজেই সবসময় সবকিছুতে তোমাদের শান্তি দান করুন। প্রভু তোমাদের
সকলের সঙ্গে থাকুন।

১৭ "পল", এই প্রীতি-শুভেচ্ছা আমার নিজেরই হাতে লেখা। প্রতিটি পত্রে এটিই পরিচয়-চিহ্ন; এ
আমার হাতের লেখা। ১৮ আমাদের প্রভু যীশুখ্রীষ্টের অনুগ্রহ তোমাদের সকলের সঙ্গে থাকুক।